



## শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট

স্মারক নং রেজিঃ/০৪(৮০৩)/৫/৫৮২

তারিখ: ২৪/০৫/২০২৩

জনাব পায়েল বড়ুয়া  
সহকারী অধ্যাপক  
বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগ  
শাবিপ্রবি, সিলেট।

স্থায়ী ঠিকানা:  
জনাব পায়েল বড়ুয়া  
প্রযুক্তি: সুব্রত বিকাশ বড়ুয়া  
গ্রাম: উত্তর পোমরা  
ডাকঘর: পোমরা, উপজেলা: রাঙ্গুণীয়া  
জেলা: চট্টগ্রাম।

বিষয় : ০১(এক) মাসের মধ্যে কাজে যোগদানের চূড়ান্ত নোটিশ

আপনি জনাব পায়েল বড়ুয়া, গ্রাম: উত্তর পোমরা, ডাকঘর: পোমরা, উপজেলা: রাঙ্গুণীয়া, জেলা: চট্টগ্রাম, শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সিলেট এর বায়োকেমিস্ট্রি এন্ড মলিকুলার বায়োলজি বিভাগের সহকারী অধ্যাপক। আপনি শিক্ষা ছুটি নিয়ে অনুমোদিত ছুটির অতিরিক্ত সময় অনুপস্থিত থেকে কর্মস্থলে যোগদানপত্র দাখিল করেন। আপনার যোগদানপত্র গ্রহণ এবং অননুমোদিত অনুপস্থিতির বিষয়ে সিদ্ধান্তের জন্য সিডিকেট সভায় উপস্থাপনের সিদ্ধান্ত হয়। ইতোমধ্যে কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে আপনি কর্মস্থল ত্যাগ করে অনুপস্থিত থাকেন এবং অনুপস্থিত থেকেই অগ্রীম অবসরের আবেদন করেন। এমতাবস্থায় গত ২২-০৩-২০২৩ তারিখে অনুষ্ঠিত সিডিকেটের ২২৭ তম সভায় আপনার অগ্রীম অবসরের আবেদন গৃহীত হয়নি। সিডিকেট সভায় ৭(সাত) দিনের মধ্যে আপনাকে বিভাগে যোগদানের জন্য বলা হয়। নির্ধারিত সময়ের মধ্যে যোগদানে ব্যর্থ হলে শিক্ষা ছুটিতে গমনের তারিখ থেকে চাকুরিচ্যুতির পদক্ষেপ গ্রহণেরও সিদ্ধান্ত হয়। তদনুযায়ী ৭(সাত) দিনের মধ্যে বিভাগে যোগদানের জন্য গত ০৩-০৪-২০২৩ তারিখে পত্র জারী করা হয়। কিন্তু আপনি অদ্যাবধি কর্মস্থলে যোগদান করেননি।

১. যেহেতু ০৩/০৪/২০২৩ তারিখে রেজিঃ/০৪(৮০৩)/৫/৪০০ নং স্মারকে আপনাকে ৭(সাত) দিনের মধ্যে কাজে যোগদানের জন্য পত্র মারফত অনুরোধ করা সত্ত্বেও আপনি কর্মস্থলে যোগদান না করে অদ্যাবধি কর্মস্থলে অনুপস্থিত থেকে কর্তৃপক্ষের আদেশ অমান্য করেছেন।
২. যেহেতু আপনি বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন।
৩. যেহেতু সিডিকেটের ২২৭ তম সভায় সিদ্ধান্ত অনুযায়ী ৭(সাত) দিনের মধ্যে কাজে যোগদানে ব্যর্থ হলে চাকুরিচ্যুতির পদক্ষেপ গ্রহণ করার সিদ্ধান্ত হয়েছে।

ফলে এ বিজ্ঞপ্তি পত্রিকায় প্রকাশের তারিখ থেকে ৩০(ত্রিশ) দিনের মধ্যে কাজে যোগদানের জন্য আপনাকে চূড়ান্ত নোটিশ প্রকাশ করা হলো। উল্লেখিত নির্ধারিত সময়ের মধ্যে কাজে যোগদানে ব্যর্থ হলে বিধি মোতাবেক ব্যবস্থা গৃহীত হবে।

  
২৪/০৫/২৩

রেজিস্ট্রার(ভারপ্রাপ্ত)

  
A-nunn